# ব্যবসায়িক সংস্থাগুলি সাহায্য করার জন্য কী করতে পারে?

Te Korowai Whetū
Social Cohesion

Social Cohesion Guide for ব্যবসা

## ব্যবসার অংশভুক্ত হওয়া

ব্যবসাগুলি social cohesion গড়ে তুলতে সহায়তা করে, মানুষকে অংশভুক্ত, অন্তর্ভুক্ত বোধ করতে, নিজেদের মত থাকতে এবং সমাজে অংশ নিতে সহায়তা করে। ব্যবসাগুলি কর্মসংস্থানের অনুশীলনের মাধ্যমে একটি অন্তর্ভুক্তিমূলক কর্ম সংস্কৃতি তৈরি করে। তাদের কর্মীদের আয়ের সংস্থান করে এবং "কোনমতে সংসার চালাবার" জন্য আর্থিক চাপ থেকে মুক্তি দিয়ে মানুষকে তাদের সম্প্রদায় এবং সমাজে আরও সম্পূর্ণরূপে অংশগ্রহণ করতে সক্ষম করে। প্রমাণ দেখায় যে বৈচিত্র্য এবং অন্তর্ভুক্তির অর্থনৈতিক সুবিধা রয়েছে যেমন কর্মক্ষেত্রে নতুন চিন্তা ভাবনা বাড়ানো।

আমরা সবাই আলাদা কিন্তু আমরা একসাথে এগিয়ে যেতে, আমাদের বৈচিত্রের গুরুত্ব দিতে এবং যখন আমরা একমত নই তখন অন্যদের সম্মান করতে চাই। এটি গুরুত্বপূর্ণ কারণ সবাই মনে করে না যে তারা তাদের মত থাকতে পারে বা বিশ্বাস করে যে তাদের কথা শোনা হবে।

আমরা একটি ক্রমশঃ বাড়তে থাকা বৈচিত্র্যপূর্ণ দেশ যেখানে আমাদের ব্যবসাগুলি বিভিন্ন সম্প্রদায়কে পরিষেবা দেয়। আমাদের একে অপরের কথা শোনার এবং একে অপরের কথার গুরুত্ব দেওয়ার উপায় খুঁজে বের করতে হবে। আমরা আমাদের পার্থক্য এবং শক্তিগুলি বোঝার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হতে চাই এবং কী আমাদের একত্রিত করে এবং আমাদের আরও কাছাকাছি নিয়ে আসে তা নিয়ে কাজ করতে চাই।

### অংশভুক্ত হওয়া

## এটি কি রকম হতে পারে

এমন একটি সমাজে যেখানে লোকেদের মধ্যে ভাল সম্পর্ক আছে, আমরা একে অপরকে জানি, আমাদের প্রতিবেশীদের জানি, আমাদের কর্মক্ষেত্রে অন্তর্ভুক্ত বোধ করি, আমাদের সন্তানরা আমাদের সম্প্রদায়ের অংশ বলে মনে করে এবং আমরা জানি যে আমাদের প্রয়োজনের সময় সাহায্য পেতে কোথায় যেতে হয়। আমরা মনে করি যে আমরা এমন লোকদের সাথে কথা বলতে পারি যাদের সাথে হয়ত আমরা সাধারণত কথা বলি না, যখন আমরা লোকেদের বৈষম্যমূলক কথা বলতে শুনি তখন প্রতিবাদ করি এবং আমরা কে, আমরা কোথা থেকে এসেছি এবং কীভাবে আমরা জিনিসগুলি করি তা নির্দ্বিধায় ভাগ করে নিতে পারি। সংকটে আমরা কাউকে পিছনে ফেলে যাই না - প্রত্যেককে অন্তর্ভুক্ত করা হয়।

## আরো বেশি করে একসাথে থাকার সুযোগ গড়ে তোলা

# – আপনি কি করতে পারেন

**সুতরাং, আরও বেশি লোককে অংশভুক্ত করতে, বৈচিত্র্যকে মেনে নিতে, সংযুক্ত বোধ করতে, অংশ নিতে, অন্যকে বিশ্বাস করতে এবং সম্মানিত বোধ করতে সহায়তা করার জন্য আমরা কী করতে পারি?**

### অংশভুক্ত হওয়া, অন্যকে বিশ্বাস করা

- বিভিন্ন গোষ্ঠীর কাছে কীভাবে কাজগুলি আরও অ্যাক্সেসযোগ্য করা যায় তা বিবেচনা করুন।
  - কমিউনিটি নেটওয়ার্ক, সংস্থা, রেডিও স্টেশন, পডকাস্ট, সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম, নির্দিষ্ট শ্রোতাদের জন্য অনেক রকম মিডিয়া সংবাদপত্র এবং টেলিভিশন চ্যানেলগুলির মাধ্যমে কাজের বিজ্ঞাপন দিন
- যে পরিষেবা এবং পণ্যগুলি দেওয়া হচ্ছে তা ব্যবহার করার সুবিধা পাওয়ার বিষয় বিবেচনা করুন।
  - যদি আপনার ব্যবসা অনলাইনে পরিচালিত হয়, তাহলে এটি কি যারা দৃষ্টি প্রতিবন্ধী তাদের কাছে অ্যাক্সেসযোগ্য? যদি আপনার ব্যবসায়ের একটি পাবলিক-ফেসিং দোকান বা অফিস থাকে তবে এটি কি চলাফেরার প্রতিবন্ধকতাযুক্ত ব্যক্তিদের কাছে অ্যাক্সেসযোগ্য?

### বৈচিত্র্যকে মেনে নেওয়া, সম্মানিত বোধ করা

- পেশাগত বৈচিত্র্যকে মূল্য দিন এবং বৈচিত্র্যকে সমর্থন করার জন্য উদ্যোগ তৈরি করুন।
  - যে উৎসব এবং অনুষ্ঠানগুলি কর্মীদের জন্য গুরুত্বপূর্ণ তাদের স্বীকৃতি দিন, তাদের নিজেকে সম্পূর্ণভাবে কাজে নিয়োগ করতে উৎসাহিত করুন এবং তাদের পরিষেবা এবং পণ্য ডিজাইনে ইনপুট দেওয়ার সুযোগ দিন শ্রমিকদের একে অপরকে জানার জন্য সহায়তা করুন (whakawhánaungatanga)।
  - দল হিসাবে বা সহকর্মী হিসাবে একে অপরকে জানতে একত্রিত হওয়ার জন্য দিন বা সপ্তাহে সময় নির্ধারণ করুন। তা বা বিকেলের চা হতে পারে, বা কোনও কাজের বাইরে কোন দিনের অংশ হতে পারে
- একটি বার্ষিক ব্যবসায় শ্রেষ্ঠত্ব পুরষ্কারের মাধ্যমে সর্বোত্তম অনুশীলন স্থাপন করতে সহায়তা করুন, যেখানে বিভিন্ন অবদানকে মূল্য দেওয়া হয় এবং অন্তর্ভুক্তিমূলক কর্মক্ষেত্রগুলি সম্মানিত করা হয়।

### সংযুক্ত বোধ করা

- পরস্পরকে বোঝার জন্য বিভিন্ন মতামত ভাগ করে নিতে পারে এমন সম্প্রদায়ের সাথে কথোপকথন শুরু করুন এবং এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সহায়তা করুন।
- নতুন পণ্য এবং পরিষেবাগুলি পরীক্ষা করার জন্য ফোকাস গ্রুপগুলি ব্যবহার করুন এবং বিভিন্ন এবং পরস্পরের সাথে কিছু কিছু জিনিসে মিল থাকা সম্প্রদায় থেকে ফোকাস গ্রুপগুলি সন্ধান করুন।

## অংশগ্রহণ করা

- কর্মচারীদের নেটওয়ার্ক এবং ইউনিয়নগুলির সাথে আরও জড়িত হওয়া সহজ করতে সহায়তা করুন
- নিশ্চিত করুন যে সকল শ্রমিক যেন তাদের অধিকার কী তা জানে:
  - ইন্ডাকশন হ্যান্ডবুক, অভ্যন্তরীণ স্টাফ ফোরাম এবং ইন্ট্রানেটগুলিতে কর্মসংস্থানের অধিকার সম্পর্কে তথ্য সরবরাহ করুন।
- কর্মীদের সাংস্কৃতিক, সম্প্রদায়, নাগরিক এবং পারিবারিক অনুষ্ঠানে জড়িত থাকার জন্য সহায়তা করুন।
  - অফিসে সাংস্কৃতিক, সম্প্রদায় বা নাগরিক যোগাযোগকে উৎসাহিত করুন বা সম্মান দিন। এটি সকাল বা বিকেলের চা অনুষ্ঠানের আকারে হতে পারে।
  - কর্মীদের পারিবারিক অনুষ্ঠান এবং সাংস্কৃতিক বা সম্প্রদায়ের উৎসবে অংশ নেওয়ার জন্য ছুটি নিতে উৎসাহিত করুন
- ব্যবসায়ে অভিবাসীদের কর্মসংস্থানের সুযোগ দিন - CV লেখার প্রস্তুতি, ইন্টারভিউ দেওয়ার দক্ষতা, NZ-এ কাজের অভিজ্ঞতা এবং পরবর্তী কালে পরামর্শদানের সাথে অর্থপূর্ণ কর্মসংস্থানের জন্য সহায়তা করা
- ব্যবসায়ে তরুণদের কর্মসংস্থানের সুযোগ দিন - CV লেখার প্রস্তুতি, ইন্টারভিউ দেওয়ার দক্ষতা, প্রাসঙ্গিক ট্রেনিং, ড্রাইভার লাইসেন্স পাওয়ার অ্যাক্সেস এবং পরবর্তী কালে পরামর্শদানের সাথে অর্থপূর্ণ কর্মসংস্থানের জন্য সহায়তা করা
- ব্যবসায়ে অভিবাসীদের কর্মসংস্থানের সুযোগ দিন - CV লেখার প্রস্তুতি, ইন্টারভিউ দেওয়ার দক্ষতা, NZ-এ কাজের অভিজ্ঞতা এবং পরবর্তী কালে পরামর্শদানের সাথে অর্থপূর্ণ কর্মসংস্থানের জন্য সহায়তা করুন
- চেম্বার ড্রাইভের মতো একটি প্রোগ্রাম করুন - যা ড্রাইভিং লাইসেন্স পেতে 5000 ব্যক্তিকে সমর্থন করে। যার ড্রাইভারের লাইসেন্স আছে তার চাকরি পাওয়ার সম্ভাবনা সাতগুণ বেশি
- নিজস্ব ব্যবসা শুরু করতে চায় এমন মানুষের ক্রমশঃ বাড়তে থাকা সংখ্যাকে সমর্থন করার জন্য ব্যবসার ক্ষেত্রে পরামর্শ দেওয়ার প্রোগ্রামগুলি করুন।
- অন্যান্য ব্যবসায়িক সম্প্রদায় এবং তাদের সোশ্যাল মিডিয়া নেটওয়ার্কগুলির মধ্যে কাজের সুযোগ বাড়ানোর জন্য ব্যবসায়ের মালিকদের জন্য কম খরচে বা বিনা খরচে প্রচারমূলক প্ল্যাটফর্ম সরবরাহ করুন
- ব্যবসায়ের জন্য একে অপরের এবং তাদের সম্প্রদায়ের সাথে জড়িত হওয়ার এবং নেটওয়ার্ক করার জন্য সশরীরে উপস্থিত হয়ে, অনলাইন এবং অ্যাক্সেসযোগ্য ইভেন্ট এবং ক্রিয়াকলাপগুলি্র সুবিধা দিন।

Te Korowai Whetū
Social Cohesion